

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা
স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তি-২০২১
সেশন : ২০২০-২০২১

খ-ইউনিট

(কলা ও মানবিক স্কুল, সামাজিক বিজ্ঞান স্কুল, আইন স্কুল, ও শিক্ষা স্কুল)

খুলনা বিশ্ববিদ্যালয়ের খ-ইউনিটের অধীন ০৯ (নয়) টি ডিসিপ্লিনে প্রথম বর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য আবেদনকৃত প্রার্থীদের মেধা ও অপেক্ষমান তালিকাসমূহ প্রকাশ করা হয়েছে। ভর্তি সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

- ১। মেধা তালিকাসমূহ হতে ভর্তিচ্ছু সকল প্রার্থীকে আগামী ১৯-১২-২০২১ খ্রি. তারিখ রবিবার সকাল ০৯ টা ৩০ মিনিট থেকে দুপুর ১২ টা ৩০ মিনিটের মধ্যে কবি জীবনানন্দ দাশ একাডেমিক ভবন (৩য় একাডেমিক ভবন)-এর ২য় তলায় কলা ও মানবিক স্কুলের ডিন অফিসে স্বশরীরে উপস্থিত হয়ে ভর্তির জন্য রিপোর্ট করতে হবে। বিকেল ৪ টার মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে উপস্থিত হতে ব্যর্থ হলে ভর্তির প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
- ২। মেধা তালিকাসমূহ হতে ভর্তির পরে কোন আসন শূণ্য থাকলে অপেক্ষমান তালিকাসমূহ হতে আগামী ২৩-১২-২০২১ খ্রি. তারিখ বৃহস্পতিবার ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। মেধা তালিকাসমূহ হতে ভর্তির পরে যে কয়টি আসন শূণ্য থাকবে সেই সংখ্যাটি Khulna University Website- এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।
- ৩। Waiting List থেকে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে Reporting এবং Subject Choice এবং Reporting সবই On line এ করতে হবে।
- ৪। অপেক্ষমান তালিকাসমূহ হতে ছাত্র-ছাত্রী ভর্তির ক্ষেত্রে প্রার্থীদের ২৩-১২-২০২১ খ্রি. তারিখ বৃহস্পতিবার সকাল ৯ টা ৩০ মিনিট হতে ১২ টা ৩০ মিনিট পর্যন্ত কবি জীবনানন্দ দাশ একাডেমিক ভবন (৩য় একাডেমিক ভবন)-এর ২য় তলায় কলা ও মানবিক স্কুলের ডিন অফিসে উপস্থিতি নিশ্চিত করতে হবে। উল্লিখিত সময়ের মধ্যে উপস্থিতি নিশ্চিত করা প্রার্থীদের মধ্য হতে মেধাক্রম অনুযায়ী ঐদিনই সকাল ১০ টা ৩০ মিনিট হতে বিকেল ৪ টার মধ্যে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে উপস্থিত হতে ব্যর্থ হলে ভর্তির জন্য প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
- ৫। ভর্তিচ্ছু সকল ছাত্র-ছাত্রীকে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নিম্নলিখিত কাগজপত্রাদি সঙ্গে আনতে হবে :
 - ক. SSC এর মূল সার্টিফিকেট এবং HSC এর মূল/প্রভিশনাল সার্টিফিকেট ও ট্রান্সক্রিপ্ট এবং প্রত্যেকটির ০২(দুই) টি করে ফটোকপি।
 - খ. সদ্য তোলা (বিগত ৩ মাসের মধ্যে) পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙ্গিন ছবি।
 - গ. GST পরীক্ষার প্রবেশপত্রের মূল কপি ও ০১ টি ফটোকপি।
 - ঘ. মুক্তিযোদ্ধা পোষ্য কোটায় ভর্তিচ্ছু প্রার্থীদেরকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার মুক্তিযোদ্ধা সনদের মূল কপিসহ উপস্থিত হতে হবে এবং ভর্তির জন্য মূল সনদপত্রটি জমা দিতে হবে। এছাড়া মুক্তিযোদ্ধা পোষ্য সংক্রান্ত প্রামাণিক সকল সনদপত্রের মূল কপি ভর্তির সময়ে উপস্থাপন করতে হবে। উল্লেখ্য, কর্তৃপক্ষ কর্তৃক মুক্তিযোদ্ধা সনদ যাচাই প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর মুক্তিযোদ্ধা পোষ্য কোটায় ছাত্র-ছাত্রীর ভর্তি নিশ্চিত করা হবে।
 - ঙ. উপজাতি কোটার ক্ষেত্রে প্রার্থীর উপজাতিসত্তার প্রমাণস্বরূপ প্রার্থী যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি/সমমানের পরীক্ষায় অংশগ্রহণ করেছিল সেই শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান স্বাক্ষরিত মূল সনদপত্র অথবা উপজাতি গোত্রের মোড়ল (চীফ) কর্তৃক প্রদত্ত এবং স্থানীয় উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসক কর্তৃক সত্যায়িত সনদপত্র ভর্তির সময় জমা দিতে হবে।

- ৬। ভর্তিকৃত সকল ছাত্র-ছাত্রী'র SSC এবং HSC পরীক্ষার মূল/প্রভিশনাল সার্টিফিকেট এবং ট্রান্সক্রিপ্ট অবশ্যই ভর্তির সময় জমা দিতে হবে যা বিশ্ববিদ্যালয়ে সংরক্ষিত থাকবে। ভর্তি বাতিল করা ছাড়া কোন অবস্থাতেই SSC এবং HSC পরীক্ষার মূল/প্রভিশনাল সার্টিফিকেট এবং ট্রান্সক্রিপ্ট নির্ধারিত সময়ের পূর্বে ছাত্র-ছাত্রীকে ফেরত দেয়া হবে না।
- ৭। মেধা তালিকায় ছাত্র-ছাত্রীদের অবস্থান (সর্বোচ্চ থেকে পরবর্তী ক্রম অনুসারে) অনুসারে ছাত্র-ছাত্রীদেরকে তাদের প্রদত্ত পছন্দের ক্রম অনুযায়ী (আসন খালি থাকা সাপেক্ষে) ভর্তি করা হবে। সেক্ষেত্রে মেধা এবং অপেক্ষমান তালিকায় (প্রযোজ্য ক্ষেত্রে) এগিয়ে থাকা ছাত্র-ছাত্রীবৃন্দ পিছিয়ে থাকা ছাত্র-ছাত্রীদের তুলনায় আগে তার প্রথম পছন্দের ডিসিপ্লিনে ভর্তির সুযোগ পাবেন।
- ৮। বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত তারিখে ক্লাশ শুরু দিন থেকে ১৫ (পনের) কর্মদিবস (বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান নিয়মানুযায়ী) পর্যন্ত কোন ডিসিপ্লিনে কোন আসন শূন্য হলে পূর্বে প্রদত্ত পছন্দের ক্রম অনুসারে ছাত্র-ছাত্রীদের স্ব-স্ব গ্রুপের মধ্যে মাইগ্রেশন করা হবে। ভর্তি বাতিলজনিত কারণে কোন আসন শূন্য হলে সংশ্লিষ্ট গ্রুপে রিপোর্টকৃত ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে উক্ত সময়ের মধ্যে মেধাক্রম অনুযায়ী ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।
- ৯। **ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে আনুমানিক ১৪,০০০.০০ (চৌদ্দ হাজার) টাকা প্রয়োজন হবে।**
- ১০। নিম্নলিখিত ফরমগুলো পূরণ করে ভর্তির সময় সঙ্গে আনতে হবে:
- (ক) ডিসিপ্লিন পছন্দক্রম
- (খ) অঙ্গীকারনামা
- (গ) স্নাতক (সম্মান) ভর্তি ফরম
- (ঘ) স্নাতক (সম্মান) নিবন্ধন ফরম

ভর্তি সংক্রান্ত ঘোষিত তারিখসমূহ, সময়সীমা, শর্ত এবং নিয়ম সংশোধন, সংযোজন, বিয়োজন ও পরিমার্জন -এর ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

বিশেষভাবে উল্লেখ্য যে, ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট : www.ku.ac.bd থেকে ছাত্র-ছাত্রীবৃন্দ নিজ দায়িত্বে জেনে নেবেন।